

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩০৪৯

88/ তাফসীরুল কুরআন (ﷺ) পরিচ্ছেদঃ ৬. সূরা আল-মায়িদাহ

## আরবী

حَدَّتَنَا عَبْدُ اللَّهِ بْنُ عَبْدِ الرَّحْمَنِ، أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ يُوسُف، أَخْبَرَنَا إِسْرَائِيلُ، حَدَّتَنَا أَبُو السَّحَاق، عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ، أَنَّهُ قَالَ اللَّهُمَّ بَيِّنْ لَنَا فِي الْبَقَرَةِ: ( يَسْأَلُونَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ ) الآيَة فَي الْخَمْرِ بَيَانَ شِفَاءٍ فَنَزَلَت الَّتِي فِي الْبَقَرَةِ: ( يَسْأَلُونَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ ) الآيَة فَدُعِيَ عُمَرُ فَقُرِئَتْ عَلَيْهِ فَقَالَ اللَّهُمَّ بَيِّنْ لَنَا فِي الْخَمْرِ بَيَانَ شِفَاءٍ فَنَزَلَت الَّتِي فِي النِّسَاءِأَيُّهَا الَّذِينَ آمَنُوا لاَ تَقْرَبُوا الصَّلاَةَ وَأَنْتُمْ سُكَارَى ) فَدُعِي عُمَرُ فَقُرِئَتْ عَلَيْهِ فَقَالَ اللَّهُمَّ بَيِّنْ لَنَا فِي الْمَائِدَةِ: ( إِنَّمَا يُرِيدُ الشَّيْطَانُ أَنْ اللَّهُمَّ بَيِّنْ لَنَا فِي الْمَائِدَةِ: ( إِنَّمَا يُرِيدُ الشَّيْطَانُ أَنْ اللَّهُمَّ بَيِّنْ لَنَا فِي الْمَائِدَةِ: ( إِنَّمَا يُرِيدُ الشَّيْطَانُ أَنْ وَيُولِهِلْ أَنْتُمْ مُنْتَهُونَ ) فَدُعِي يُوقِعَ بَيْنَكُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَاءَ فِي الْخَمْرِ وَالْمَيْسِرِ ) إِلَى قَوْلِهِلْ أَنْتُمْ مُنْتَهُونَ ) فَدُعِي عُمَرُ فَقُربَّتْ عَلَيْهِ فَقَالَ انْتَهَيْنَا انْتَهَيْنَا ، قَالَ أَبُو عِيسَى وَقَدْ رُويِيَ عَنْ إِسْرَائِيلَ هَذَا الْحَديثُ مُرْسَلٌ .

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ، حَدَّثَنَا وَكِيعُ، عَنْ إِسْرَائِيلَ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ أَبِي مَيْسَرَةَ، عَمْرِو بْنِ شُرَحْبِيلَ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ، قَالَ اللَّهُمَّ بَيِّنْ لَنَا فِي الْخَمْرِ بَيَانَ شِفَاءٍ . فَذَكَرَ نَحْوَهُ وَهَذَا أَصنَحُّ مِنْ حَدِيثِ مُحَمَّدِ بْنِ يُوسُفَ .

## বাংলা

৩০৪৯। উমার ইবনুল খাত্তাব (রাযিঃ) হতে বর্ণিত, তিনি বলেন, হে আল্লাহ! শরাবের ব্যাপারে আমাদের জন্য পরিপূর্ণ ও সুস্পষ্ট বর্ণনা দিন। এ প্রসঙ্গেই সূরা আল-বাকারার নিম্নোক্ত আয়াত অবতীর্ণ হয় (অনুবাদ) "লোকে তোমাকে মদ ও জুয়া প্রসঙ্গে প্রশ্ন করে। বল, উভয়ের মধ্যে আছে মহাপাপ এবং মানুষের জন্য উপকারও। কিন্তু এগুলোর পাপ এগুলোর উপকার অপেক্ষা বেশি" (সূরা আল-বাকারাহ ২১৯)।

উমার (রাযিঃ)-কে ডেকে এনে তাকে উক্ত আয়াত তিলাওয়াত করে শুনানো হল। তিনি বললেন, হে আল্লাহ!



শরাবের ব্যাপারে আমাদের আরও সুস্পষ্ট ও পূর্ণাঙ্গ বিবরণ দিন। তখন সূরা আন-নিসার নিম্নোক্ত আয়াত অবতীর্ণ হয় (অনুবাদ) "হে ঈমানদারগণ! তোমরা নেশাগ্রস্ত অবস্থায় নামাযের নিকটেও যেও না, যতক্ষণ না তোমরা যা বল তা বুঝতে পার"— (সূরা আন-নিসা ৪৩)।

উমার (রাযিঃ)-কে ডেকে এনে তাকে উক্ত আয়াত পাঠ করে শুনানো হল। উমার (রাযিঃ) আবারো বললেন, হে আল্লাহ! শরাবের ব্যাপারে আমাদের সুস্পষ্ট ও পূর্ণ বিবরণ দিন। তারপর সূরা আল-মাইদার এ আয়াত অবতীর্ণ হয় (অনুবাদ) শাইতান তো শরাব ও জুয়ার মাধ্যমে তোমাদের মধ্যে শক্রতা ও বিদ্বেষ ঘটাতে চায় এবং তোমাদেরকে আল্লাহ তা'আলার স্মরণে ও নামাযে বাধা দিতে চায়। তবে কি তোমরা নিবৃত্ত হবে না?"— (সূরা আল-মায়িদাহ ৯১) উমর (রাযিঃ)-কে ডেকে এনে তাকে এ আয়াত পাঠ করে শুনানো হল। তিনি বললেন, আমরা নিবৃত হলাম, আমরা নিবৃত হলাম।

সহীহঃ সহীহাহ (২৩৪৮)।

আবৃ ঈসা বলেন, ইসরাঈলের সূত্রে এটি মুরসালরূপে বর্ণিত হয়েছে। মুহাম্মাদ ইবনুল আলা-ওয়াকী হতে, তিনি ইসরাঈল হতে, তিনি আবৃ মাইসারাহ (রহঃ) হতে এই সূত্রে বর্ণিত, তিনি বলেন, উমার ইবনুল খাত্তাব (রাযিঃ) বললেন, হে আল্লাহ! শরাব ও মাদক দ্রব্য প্রসঙ্গে আমাদের জন্য সুস্পষ্ট ও পূর্ণাঙ্গ বিবরণ দিন ..... তারপর তিনি পূর্বোক্ত হাদীসের একই রকম বর্ণনা করেছেন। এটি মুহাম্মাদ ইবনু ইউসুফের হাদীসের চাইতে অনেক বেশি সহীহ।

## **English**

Narrated 'Amr bin Shurahbil [Abu Maisarah]:

from 'Umar bin Al-Khattab, that he said: "O Allah! Make the verdict concerning Khamr sufficiently clear for us!" So (the Ayah) in Al-Baqarah was revealed: They ask you concerning Khamr and gambling. Say: "In them is a great sin (2:219)." So 'Umar was called, and it was recited to him, so he said: "O Allah! Make the verdict concerning Khamr sufficiently clear for us!" So (the Ayah) in An-Nisa was revealed: 'O you who believe! Approach not As-Salat while you are in a drunken state (4:43).' So 'Umar was called and it was recited him, so he said "O Allah! Make the verdict concerning Khamr sufficiently clear for us!" So (the Ayah) in Al-Ma'idah was revealed: Shaitan only wants to excite enmity and hatred between you with Khamr and gambling...' up to His saying: 'So will you not then abstain (5:91).' So 'Umar was called and it was recited to him, so he said: 'We abstained, we abstained.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



 ${\color{red} {\it O}} {\it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=41583}$ 

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন